গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা
ঢাকা
www.nbr.gov.bd

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০২-২০১৬/৫০২

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০৯আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এর স্মারক নং ৮০.০০.০০০০.৩০১(গোপনীয়).১১.২১০৫.১৬-২৬৬ তারিখ-০৮/১২/২০১৬ খ্রিঃ এর ২ নং অনুচ্ছেদে সুপারিশকৃত ৪৫৬ (চারশত ছাপ্পান্ন) জন প্রার্থীর মধ্যে মুক্তিযোদ্ধা কোটায় ১০ (দশ) জন এবং অন্য ০১ (এক) জনসহ মোট ১১ (এগার) জন প্রার্থীকে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১০ম গ্রেড টাকা ১৬০০০-১৬৮০০-১৭৬৪০-১৮৫৩০-১৯৪৬০-২০৪৪০-২১৪৭০-২২৫৫০-২৩৬৮০-২৪৮৭০-২৬১২০-২৭৪৩০-২৮৮১০-৩০২৬০-৩১৭৮০ -৩৩৩৭০-৩৫০৪০-৩৬৮০০-৩৮৬৪০ বেতনক্রমে জাতীয় রাজস্ব বোর্ডের অধীন শুল্ক, আবগারী ও ভ্যাট অনুবিভাগে সহকারী রাজস্ব কর্মকর্তা পদে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো ঃ

(ক) তাঁকে শুল্ক, আবগারী ও ভ্যাট ট্রেনিং একাডেমীতে অথবা সরকার কর্তৃক নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে/দপ্তরে অন্যূন ০৩(তিন) মাসের বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে, প্রয়োজনবোধে কর্তৃপক্ষ এ প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে বা কমাতে পারবে;

(খ) উক্ত প্রশিক্ষণ সমাপনান্তে তাঁকে তাঁর চাকুরির সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে কর্তৃপক্ষ যেরূপ স্থির করবে সেরূপ পেশাগত ও বিশেষ ধরণের প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(গ) তাঁকে ২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারী কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে তাঁকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(ঘ) তাঁর শিক্ষানবিশি মেয়াদ পূর্তির পর নিয়োগকারী কর্তৃপক্ষ যদি এ মর্মে সন্তুষ্ট হন যে শিক্ষানবিশি মেয়াদে তাঁর আচরণ ও কর্ম সন্তোষ জনক ছিল এবং তিনি উপানুচ্ছেদ (ক) এর অধীন নির্ধারিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং প্রশিক্ষণ সফলতার সাথে সমাপ্ত করেছেন এবং অন্যান্য শর্তাদি পূরণ করেছেন তা হলে এ পদে তাঁর নিয়োগ স্থায়ী করা হবে;

(ঙ) উপানুচ্ছেদ (ক) এ উল্লেখিত প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে-এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ বছরের মধ্যে চাকুরি হতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তাঁর প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন। প্রশিক্ষণের জন্য কর্মস্থল হতে অব্যাহতি প্রদানকারী কর্তৃপক্ষের নিকট / প্রশিক্ষণের জন্য নির্ধারিত দপ্তরে তাঁকে এ বন্ড দাখিল করতে হবে;

(চ) তাঁর ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন, তবে উপানুচ্ছেদ (ঙ) অনুযায়ী তাঁর নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ Public Demand Recovery Act, 1913 এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী তাঁর বিরুদ্ধে বিভাগীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(ছ) বাংলাদেশ সরকারী কর্ম কমিশন কর্তৃক নির্ধারিত মেধাক্রম অনুযায়ী তাঁর জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(জ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অংগীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ঝ) চাকুরিতে যোগদানকালে তাঁকে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড দাখিল করতে হবে যে, তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(ঞ) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকুরী সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকুরি নিয়ন্ত্রিত হবে;

(ট) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ড) মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত ও মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গেজেট সংশোধনের পরামর্শ সম্বলিত প্রত্যয়নকৃত/সাময়িক প্রত্যয়নকৃত প্রার্থীর ক্ষেত্রে ৩০০/-(তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে অঙ্গিকারনামা দাখিল করতে হবে যে তিনি মুক্তিযোদ্ধা কোটায় চাকুরী লাভ করেছেন এবং তাঁকে ০৬ (ছয়) নং কলামে বর্ণিত শর্তসমূহ (প্রযোজ্য ক্ষেত্রে) পূরণ করতে হবে। যদি তাঁর দাখিলকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র কখনো ভূয়া/জাল/মিথ্যা প্রমাণিত হয় তাহলে তাঁকে চাকুরি হতে অব্যাহতি প্রদান করা যাবে এবং তিনি রাষ্ট্রীয় কোষাগার হতে গৃহীত আর্থিক সুবিধাদি ফেরত দিতে বাধ্য থাকবেন।

(ড) এ চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/ দৈনিক ভাতা পাবেন না।

০২। অনুচ্ছেদ-১ এ উল্লেখিত শর্তাবলী তাঁর নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২৭/০৮/২০১৭ খ্রিঃ তারিখ পূর্বাহ্নে পদায়নকৃত সংশ্লিষ্ট কমিশনারেটে যোগদানের জন্য তাঁকে অনুরোধ করা হলো। উল্লেখ্য, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা মহোদয়কে সম্বোধনপূর্বক তিনি তাঁর যোগদানপত্র পদায়নকৃত কর্মস্থলে দাখিল করবেন। নির্ধারিত তারিখে চাকুরিতে যোগদান না করলে তিনি চাকুরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং অত্র নিয়োগপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হতে পারে।

০৩। পদের নাম ঃ সহকারী রাজস্ব কর্মকর্তা।

নিয়োগপ্রাপ্ত ঃ ১১ (এগার) জন।

| ক্রঃ/ নং | মেধাক্রম | রেজিঃ নং | নাম ও জন্ম তারিখ | নিজ জেলা | প্রযোজ্য শর্ত | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১. | ৩৩২ | ০৪৮৫৬০ | মিজ ফারজানা খানম<br>জন্ম তারিখঃ ০১/০১/১৯৯০ | ঢাকা | ----- | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ২. | ৩৩৭ | ০১৩৮৩৮ | মিজ মৌসুমী আক্তার<br>জন্ম তারিখঃ ১৫/০৪/১৯৮৫ | কিশোরগঞ্জ | ---- | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ৩. | ৩৫০ | ২০৭২৫৫ | জনাব মোঃ হাসানুজ্জামান সাবু<br>জন্ম তারিখঃ ২১/০২/১৯৯১ | রংপুর | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়নকরণ ব্যতীত চাকুরি স্থায়ীকরণ করা হবে না। | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ৪. | ৪০১ | ০১৪৭৪৭ | মিজ শায়লা শারমিন শিমু<br>জন্ম তারিখঃ ১১/১২/১৯৮৬ | নেত্রকোনা | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নিজ নাম ও পিতার নামের পার্থক্য নিরসনকল্পে গেজেট সংশোধনকরণ। উক্ত সংশোধন ব্যতীত চাকুরি স্থায়ীকরণ করা হবে না। | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ৫. | ৪১৬ | ০২৩১১২ | জনাব মোঃ নাসির উদ্দিন<br>জন্ম তারিখঃ ০১/০৭/১৯৮৭ | লক্ষীপুর | ---- | কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা। |
| ৬. | ৪২২ | ০২৫২৪৪ | মিজ উম্মে রুমানা<br>জন্ম তারিখঃ ২৬/০৩/১৯৮৮ | ঠাকুরগাঁও | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়নকরণ ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না। | কাস্টম হাউস, ঢাকা। |
| ৭. | ৪২৫ | ০৩৮৯৪৪ | জনাব মোঃ রাশেদুল কবীর<br>জন্ম তারিখঃ ০৫/০৪/১৯৮৮ | সিরাজগঞ্জ | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়নকরণ ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না। | কাস্টম হাউস, ঢাকা। |
| ৮. | ৪৩০ | ০৬১০৯১ | জনাব মোঃ মনিরুল ইসলাম<br>জন্ম তারিখঃ ১৫/১২/১৯৮৬ | ঢাকা | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধাকে শুদ্ধ নাম ও ঠিকানাসহ গেজেট সংশোধনকরণ এবং সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত সংশোধন ও নিয়মিত প্রত্যয়ন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না। | কাস্টম হাউস, ঢাকা। |
| ৯. | ৪৪৪ | ০৪৮৩৫৮ | জনাব মোঃ এনায়েত হোসাইন<br>জন্ম তারিখঃ ১৫/০৮/১৯৮৯ | বরিশাল | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার নিজ নাম ও পিতার নামের পার্থক্য নিরসনকল্পে গেজেট সংশোধনকরণ। উক্ত সংশোধন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না। | কাস্টম হাউস, ঢাকা। |

| ক্রঃ/ নং | মেধাক্রম | রেজিঃ নং | নাম ও জন্ম তারিখ | নিজ জেলা | প্রযোজ্য শর্ত | পদায়নকৃত কর্মস্থল |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১০. | ৪৪৭ | ০৫০৩৫৮ | জনাব মোহাম্মদ আসাদুজ্জামান ফারুক<br>জন্ম তারিখঃ ১৫/০২/১৯৮৫ | কুমিল্লা | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার সনদটি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নিয়মিত প্রত্যয়নকরণ। উক্ত নিয়মিত প্রত্যয়নকরণ ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না। | কাস্টম হাউস, ঢাকা। |
| ১১. | ৪৫৩ | ০৬৪৯৫৪ | মিজ রেহানা মজুমদার মুক্তি<br>জন্ম তারিখঃ ২৮/০৭/১৯৮৯ | ফেনী | সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার পিতার নামের পার্থক্য নিরসনকল্পে গেজেট সংশোধনকরণ। উক্ত সংশোধন ব্যতীত চাকুরী স্থায়ীকরণ করা হবে না। | কাস্টম হাউস, ঢাকা। |

রাষ্ট্রপতির আদেশক্রমে
স্বাক্ষরিত/-
০৯/০৮/২০১৭ খ্রিঃ
(মোঃ নজিবুর রহমান)
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড

নম্বরঃ ০৮.০১.০০০০.০১৩.১০.০০২-২০১৬/৫০২ (          )

তারিখঃ ২৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
০৯ আগস্ট ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ

১. চেয়ারম্যান, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
২. সিনিয়র সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সদস্য(শুল্ক ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা।
৬. কমিশনার, কাস্টম হাউস, ঢাকা।

(৫ ও ৬:) প্রার্থীদের যোগদান সংক্রান্ত সকল কাগজপত্র যোগদানের ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

৭. সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৮. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রাণালয়, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা।
১০. জনাব ..........................................................................
১১. ব্যক্তিগত নথি।

(খান মোঃ রেজা-উন-নবী)
দ্বিতীয় সচিব (শুঃভঃপ্রঃ-৩)
ফোনঃ ৯৩৫৬৪৬০
e-mail: nbr.cev3@gmail.com